JUN. 30 2002

দৈনিক ইত্তেফাক

ধর্মীয় দলগুলোর কোয়ালিশন নতুন আইন প্রত্যাখ্যান করেছে

# পাকিস্তানে পারভেজ মোশাররফের মাদ্রাসা সংস্কার পরিকল্পনা আশা জাগাতে পারেনি

ইসলামাবাদ থেকে আইপিএস। পাকিস্তানের ৮ হাজার মাদ্রাসাকে চরমপন্থী নীতি প্রচারে ব্যবহার করা হবে না এটা নিশ্চিত করার জন্য প্রেসিডেন্ট পারভেজ মোশাররফের মহাপরিকল্পনার আশাভঙ্গ হতে চলেছে। অনেক পর্যবেক্ষক এটাকে একটা সঠিক পদক্ষেপ হিসেবে উল্লেখ করলেও তারা আরও বলেছেন, এই পরিকল্পনাকে সফল করে তুলতে তারা যে আইনগত পদক্ষেপ নিয়েছেন তা বেশ দুর্বল এবং তাতে কাঙ্ক্ষিত ফল লাভের সম্ভাবনা নেই। তবে, এখনও কিছু লোক আছেন যারা অপেক্ষা করতে রাজী আছেন এবং তারা দেখতে চান পরিকল্পনা কার্যকর করার পরে কি ঘটবে। কর্মকর্তারা জানান, সপ্তাহখানেক পর থেকে এই পরিকল্পনা কার্যকর করার কথা। চলতি বছরের গোড়ার দিকে এতদসংক্রান্ত যে সংস্কার পরিকল্পনা ঘোষণা করা হয়েছিল গত সপ্তাহে তার বিধিবিধান ঘোষণা করা হয়। এর পরপরই দৈনিক ডন পত্রিকায় মন্তব্য করা হয় যে, 'এসব নিয়ন্ত্রক বিধিমালা এমন সময় জারি করা হল যখন চরমপন্থী ও সাম্প্রদায়িকতাবাদীদের প্রায়ই কতিপয় মাদ্রাসার সাথে সম্পৃক্ত করা হয়ে থাকে তাদের বিকাশরোধে গুরুত্বপূর্ণ প্রচেষ্টা চালানো হচ্ছে।' ডন আরও বলেছে, একটি পরিচালনা পদ্ধতি এবং মাদ্রাসা ব্যবস্থার কার্যকলাপ নিয়ন্ত্রণ ও তদারকি করতে কোন যোগ্য কর্তৃপক্ষের অনুপস্থিতির কারণে তাদের পুঙ্খানুপুঙ্খ তদন্তের আওতায় আনা যায়নি। এই ঘাটতি এখন দূর করা হয়েছে।

গত ২০ জুন মাদ্রাসা সংস্কারের জন্য মন্ত্রিসভা একটি ৩ বছরব্যাপী কর্মসূচীর জন্য সবুজ সংকেত দেয়। পাকিস্তানে মাদ্রাসায় প্রায় ১৭ লাখ শিক্ষার্থী পড়াশুনা করে। তাদের মধ্য কিছু ছাত্রকে আফগানিস্তানে তৎপর জেহাদীবাদী নেটওয়ার্কের অংশ বলে মনে করা হয়।

অংশত: এর অর্থ হল ধর্ম ছাড়া ছাত্রদের অন্য বিষয় সম্পর্কে আগ্রহী করে তোলা। এছাড়া মন্ত্রিসভা একটি নতুন আইনও অনুমোদন করে যাতে বলা হয়েছে, কোন ব্যক্তি মাদ্রাসায় জঙ্গীবাদ বা সাম্প্রদায়িক বিদ্বেষ প্রচার করলে তাকে ২ বছর সশ্রম কারাদণ্ডে দণ্ডিত করা হবে। মাদ্রাসা রেজিস্ট্রেশন অধ্যাদেশে, অবশ্য প্রতিটি ধর্মীয় স্কুলকে একটি শিক্ষাবোর্ডের অধীনে নিবন্ধীকৃত করতে বলা হয়েছে যা অন্যান্য জিনিসের মধ্যে তাদের তহবিল সংগ্রহের বিষয় পর্যবেক্ষণ করবে।

নতুন আইনে সরকারের কাছ থেকে প্রথমে অনাপত্তি সার্টিফিকেট সংগ্রহ ছাড়া ধর্মীয় স্কুলে কোন বিদেশী ছাত্রকে ভর্তি করা অথবা কোন বিদেশী শিক্ষককে ভাড়া করতে পারবে না। এর প্রতিক্রিয়ায় ১২টির মত ধর্মীয় দলের কোয়ালিশন মুত্তাহিদা মজলিশ-